গাংনী পৌরসভা হবে দেশের মডেল পৌরসভা-মেয়র আশরাফুল ইসলাম (ভিডিও সহ)

পৌরসভা পর্যায়ে নির্বাচনের আমেজ ইতোমধ্যে শুরু হয়েছে। বর্তমান মেয়রসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশীরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘শহরে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন গাংনী পৌর সভার বর্তমান মেয়র আশরাফুল ইসলাম। সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রতিনিধি পলাশ আহম্মেদ।

আজকের সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী পৌরসভা নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে আপনি কতটুকু আশাবাদী?

আশরাফুল ইসলাম: আমি ১০০% আশাবাদী কারণ আমি জনগণের বন্ধু হয়ে তাদের সাথে মিশে কাজ করি। আমি নিয়োমিত অফিসে আসার সময় তিনটা ওয়ার্ড পরিদর্শন করি আবার যাওয়ার সময় অনেক ওয়ার্ড পরিদর্শন করে সকলের সমস্যা দূর করি। আমি কারর কাছে থেকে অন্যায় কিছু করিনা, যার পরিপ্রেক্ষিতে মানুষ আমাকে ভালোবাসে এই ভালোবাসা থেকেই আমি পাবো। তাই আমি শতভাগ আশাবাদী আগামী পৌর নির্বাচনে আমার প্রাণের সংগঠন আওয়ামী লীগ আমাকে মনোনয়ন দেবে। তাছাড়াও রাজনীতিতে প্রতিযোগীতা থাকবেই। একাধিক প্রার্থী হবে। আমার বিশ্বাস আমার রাজনৈতিক ইতিহাস ও কর্মকাণ্ড দেখে আমাকে জেলার সকলে সমর্থন করবেন।

মেহেরপুর প্রতিদিন: মেয়র হিসেবে জনগণের প্রতিশ্রুতির কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন, যাতে করে জনগণ আপনাকে পুনরায় ভোট দিয়ে নির্বাচিত করবে?
আশরাফুল ইসলামঃ আমার এই চেয়ারে বসার বয়স ৪ বছর ৬ মাস কিন্তু এর মাঝে আমি ১ টি বছর দায়িত্বরত থাকতে পারিনি কারণ আমাকে অনেক ভাবে প্রতি হত করার চেষ্টা করা হয়েছে। তবে যে ৩ বছর সময় ক্ষমতায় আছি তাতে আপনারা জানেন আমার নির্বাচনী এলাকায় আগে বিদ্যেুৎ এর মিটা পোল এই গুলো বসাতে ২০-৩০ হাজার টাকা করে নেওয়া হতো আমি

নির্বাচিত হওয়ার পর আর এই দুর্ভোগে কাউকে পড়তে হয়নি।

আমার গাংনী শহরের ভিতর আগে পানি জমা থাকতো ড্রেনেজ ব্যবস্থা ছিলো খুবই দুর্বল আমি ড্রেনের কাজে উন্নয়ন করেছি। প্রতিটা ওয়ার্ডের অলিতে গলিতে পাকাকরণ, হেয়ারিং বন্ড রাস্তা করে দিয়েছি।আমার পৌর সভাতে একটা গেস্ট হাউজ করেছি।করোনা কালীন মাননীয় প্রধান মন্ত্রীর ত্রাণ গরীব দু:খী মানুষের ঘরে ঘরে দিয়ে এসেছি। মানুষের জন্য সরকারি সুবিধা দোর গোড়ায় পৌঁছে দিয়েছি। তাই জনগণের উপর আমার আস্থা আছে। পুনরায় আমাকে নির্বাচিত করবে। তাছাড়া আমার উনন্নয়ন মূলক কাজজ গুলো আপনারা দৃশ্যমান ভাবে দেখতে পাচ্ছেন।

আমি গাংনী পৌরসভাকে একটি দুর্নীতি মুক্ত পৌরসভা হিসেবে গড়ে তুলেছি, এমন কেউ নেই যে বলতে পারবে তাদের সাথে কোন কাজের জন্য একটি টাকা অন্যায় ভাবে নিয়েছি। আমি ও আমার কাউন্সির রা সততার সাথে দায়িত্ব পারন করে আসছি। আমাদের গাংনী তে সব চেয়ে বড় যে সমস্যা টা ছিলো সেটা হচ্ছে ময়লা আবর্জনা শহর সেটা এখন আমাদের ঝাড়ু দাররা রাত ২ টা থেকে ঝাড়ু দিয়ে শহর পরিষ্কার পরিছন্ন রাখছেন। ময়লা ফেলার জন্য দুই টি গাড়িও রয়েছে যা নিয়মিত ময়লা ফেলার কাজ করছে। তাছাড়া শহরের পতিটি মড়ে অফিসের সামনে ছোট ডাস্টবিনের ব্যবস্থা করা হয়েছে যাতে শহরটি অপরিষ্কার না থাকে। আমি চেয়ারে বসার পর আবর্জনা ফেলার জন্য ৬ বিঘা জমি কিনেছি।

মেহেরপুর প্রতিদিন: ইতোমধ্যে বিএনপি ঘোষণা দিয়েছে নির্বাচনে অংশ নিবে। সেক্ষেত্রে আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন প্রতিদ্বন্দি¦তাপূর্ণ হবে?

আশরাফুল ইসলামঃ বিএনপির সাথে আমাদের কোন প্রতিদন্দিতা হবে বলে মনে হয় না। কারণ বিএনপি এখন অস্তিত্ব সংকটে ভুগছে। জনগণ জানে বিএনপির নৈরাজ্যের কথা। আমার মনে হয় তাদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য নির্বাচনে অংশগ্রহণ করবে। যেখানে জনগণ ভোটের মাধ্যমে তাদের প্রত্যাখান করে উচিত জবাব দিবে। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের মহাসড়কে চলছে। এই উন্নয়নের ধারাবহিকতা রক্ষা করার জন্য জনগণ জননেত্রী শেখ হাসিনার নির্ধারণ করা প্রার্থীকেই নির্বাচিত করবে।

মেহেরপুর প্রতিদিন: আপনী যদি দলীয় নোমেনেশন না পেয়ে থাকেন সে ক্ষেত্রে নির্বাচনে আসবেন কি না?

আশরাফুল ইসলামঃ আমি গাংনী পৌর সভা কে মডেল পৌর সভা করার জন্য দিন রাত পরিশ্রম করে চলেছি সেটা প্রতিয়মান। জনগণ আমাকে ভালোবাসে তাই তারাই নির্ধারন করবেন আমি থাকবো কি থাকবো না। সেক্ষেত্রে জনগণ যদি আমাকে চান তাহলে অবশ্যই আমি দলীয় মনোনয়ন নিয়েই নির্বাচন করবো।

রাজনীতিতে প্রতিপক্ষ থাকবে তবে অনেকেই দলীয় পদের কারণে অনেক কিছু দাবি করেন কাজের সময় খোঁজ না থাকলেও দেখবেন নির্বাচন আসলে মাঠে নেমে কাজ শুরু করে দিয়েছে দিয়ে তারাও দাবি করেন মনোনয়ন নিবেন। এ বিষয়ে কে মাঠে কাজ করেন আর কে করেন না এ বিষয়ে আমার মনে হয় আমাদের চেয়ে আমার প্রাণ প্রিয় নেত্রী মাননীয় প্রধানমন্ত্রী সব কিছু ভালো বোঝেন এবং জানেন। তাই আমি শতভাগ আশাবাদী আমাকে দলীয় মনোনয়ন দেবেন।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

আশরাফুল ইসলামঃ আমি পুনরায় পৌর মেয়র নির্বাচন হলে প্রথমেই যে কাজটি করার সপ্ন সেটা হলো গাংনীতে একটি বৃহৎ মার্কেট করবো যার নিচ তলা হাট হবে এবং উপরে মার্কেট। গাংনীতে সকল প্রকার হাট একটি যায়গাতে লিপিবদ্ধ করবো।

এবং আপনারা জানেন গাংনীতে একটি জিনিসের বড়ই অভাব সেটা হলো বাস,ট্রাকের টার্মিনাল। এটাও বাস্তবায়ন করবো ইনশাল্লাহ। এছাড়াও একটা স্টেডিয়াম করার পরিকল্পনা রয়েছে। তাছাড়া ঈদগাহ, মসজিদ, মাদ্রাসার উন্নয় করব।

আপনারা জানেন, গাংনীতে ড্রেনেজ ব্যবস্থার বেহাল দশা ছিলো তা কোন রকম উপযোগী করে তুলেছি তবে এর আধুনিকিকরণ নিশ্চিত করার পরি কল্পনা রয়েছে। আরো একটা কাজ সেটা হলো গাংনীর দহ খাল খনন করার পরিকল্পনা রয়েছে যেখানে শহরের আবর্জনা পানি সেখানে যাবে এবং চারি পাশে গাছ লাগিয়ে রাখতে হবে যাতে সকাল বেলায় সকলে শরীর চর্চা করতে পারে। ফোল্ডেন রাস্তা করবো যার মাঝখান দিয়ে বনায়ন থাকবে এবং রাস্তার দুই পাশ দিয়ে টালি পেড়ে সাজাবো এবং পাশে বনায়ন তৈরি করে সৌন্দর্য বৃদ্ধি করবো। এবং গাংনীর একটি রাস্তাতে মাটি দেখা যাবেনা সকল রাস্তা পাকা করণ করবো ইনশাল্লাহ।

জীবননগরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন পালিত

জীবননগরে আলোচনা সভা দোয়া ও কেক কাটার মধ্যে দিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন পালিত হয়েছে।

গতকাল সকাল ১০টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা আওয়ামী লীগের কার্যলয়ে শেখ হাসিনার ৭৪তম জন্মদিন উদযানে আলোচনা সভা, দোয়া ও কেক কাটা হয়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজার সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, চুয়াডঙ্গা জেলা আওয়ামী লীগগের সদস্য আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন,

সাধারণ সম্পাদক ও জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, পৌর আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক সাবেক কমিশনার রফিকুল ইসলাম ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি ও উপজেলা পরিসদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা।

প্রধানমন্ত্রীর জন্মদিন

উপলক্ষে কুষ্টিয়ায় তাঁতীলীগের উদ্যোগে নানা আয়োজন

বাংলাদেশ তাঁতী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সিনিয়র সহ-সভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু বলেছেন, জননেত্রী শেখ হাসিনা দেশ এবং দেশের মানুষের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন। শেখ হাসিনার নেতৃত্বে দেশ এখন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে।

তিনি সোমবার বিকেলে বাংলাদেশ তাতীলীগ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি বলেন, সারা দেশের পাশাপাশি কুষ্টিয়ায় ব্যাপক উন্নয়ণমূলক কর্মকাণ্ড করতে সক্ষম হয়েছে এ সরকার।

এসব উন্নয়ন হয়েছে কেবল প্রধানমন্ত্রীর আস্থাভাজন কুষ্টিয়ার উন্নয়নের রূপকার মাহবুবউল আলম হানিফ এমপির ঐকান্তিক প্রচেষ্টায়।

তিনি আরো বলেন, বর্তমান সরকারের উন্নয়নের অগ্রযাত্রার শরীক হতে তাঁতীলীগ একনিষ্ঠ ভাবে কাজ করছে। প্রান্তিক তাঁতীদের কল্যাণে কাজ করতে তাঁতীলীগ বদ্ধ পরিকর।
বাংলাদেশ আওয়ামী লীগের

সহযোগী সংগঠনের মধ্যে সবচেয়ে শক্তিশালী সংগঠন হবে এই তাঁতীলীগ এমন প্রসঙ্গ টেনে এই নেতা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া এ সংগঠন। তাই সহযোগী সংগঠনের সকল নেতাকর্মীকে ঐক্যবদ্ধ ভাবে দলের জন্য কাজ করার আহবান জানান তিনি।

বাংলাদেশ তাঁতী লীগ জেলা শাখার আহবায়ক রুহুল আমিনের সভাপতিত্বে ও সদস্য সচিব হাজী হারুন-অর রশিদের পরিচালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ তাতীলীগ কুষ্টিয়া জেলা কমিটির সিনিয়র যুগ্ম আহবায়ক সরোয়ার হোসেন, যুগ্ম আহবায়ক আবু হাসান লিটন, শহীদুল ইসলাম, বিপুল হোসেন, হাবিবুর, স্মৃতি, কণা, রাণী বিশ্বাসসহ অন্যরা।
পরে দোয়া মোনাজাত শেষে কেক কাটা হয়।

এসময় জেলা ও বিভিন্ন উপজেলার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন পালন

সোমবার সন্ধ্যায় গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে কেক কাটা, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের মধ্যে দিয়ে পালিত হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্মদিন।
সোমবার সাড়ে ছয়টার দিকে কাথুলী ইউনিয়ন পরিষদের আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানার সভাপতিত্বে অনুষ্ঠিত জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য রাখেন মোজাম্মেল হোসেন ককাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারনণ সম্পাদক ইউপি সদস্য ইলিয়াস হোসেন, কালাম হোসেন মহিলা সদস্য বাবিরন নেছা ও কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান সহ ছাত্রলীগ যুবলীগ সহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে মিজানুর রহমান রানা প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করেন।তার পরিবারের সকলের আন্তার মাগফিরাত কামনা করে বক্তব্য শেষ করেন।

মেহেরপুর জেলা যুবলীগের আয়োজনে জননেত্রী শেখ হাসিনার

৭৪ তম জন্মদিন পালন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা ও বাংলাদেশের প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে কুইজ প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

সোমবার বিকালে পৌর কমিউনিটি সেন্টারে জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ পুরষ্কার বিতরণী অনুষ্ঠান পালন করেন ।

এ সময় কুইজ প্রতিযোগিতায় ক-বিভাগ থেকে প্রথম স্থান অধিকার করেন রাগীব নেহাল এবং দ্বিতীয় স্থান অধিকার করেন ইয়াসিন আরাফাত সহ তাসলিম জারিফ, রাফিদ, হাসিবুল ইসলাম।

খ-বিভাগ থেকে প্রথম স্থান অধিকার করেন নাহিয়ান বিনতে অলি এবং দ্বিতীয় স্থান অধিকার করেন নাবিল ইবনে কামাল সহ ফারিয়া আফরিন, তাওহীদ আরিফা, শেখ ফাহমিদা খান।

এ সময় উপস্থিত ছিলেন সাবেক ছাত্রনেতা হাসাদুজ্জামান হিলন, জেলা যুবলীগের সদস্য মাহবুব হাসান ডালিম, মেজবাহউদ্দিন, সাজাদুর রহমান সাজু, শেখ সারাফাত, সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান অপু, সাইদুর রহমান উজ্জল,জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল, পৌর ছাত্রলীগের সভাপতি আরিফ শেখসহ যুবলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে শেখ হাসিনার জন্মদিন পালিত

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও প্রধামন্ত্রী শেখ হাসিনার ৭৪তম পালন করছে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টার দিকে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও

গাংনী উপজেলা আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য দিয়ে কর্মসুচীর উদ্বোধন ঘোষণা করেন। এসময় কেক কাটা, আলোচনা সভা ও দো’আ মোনাজাতে শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করা হয়।

অনুষ্ঠানে সভপতিত্ব করেন গাংনী উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম, আওয়ামী লীগ নেতা নবীর উদ্দীন ও ইউপি চেয়ারম্যানবৃন্দসহ স্থানীয় নেতৃবৃন্দ।

মুজিবনগরে বিভিন্ন আয়োজনে পালিত হলো প্রধানমন্ত্রীর ৭৪ তম জন্মদিন

কেক কাটা, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের মধ্যে দিয়ে মুজিবনগরে পালিত হলো মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্মদিন। সোমবার বেলা সাড়ে এগারোটার দিকে বাগোয়ান ইউনিয়ন পরিষদের আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সহসভাপতি শাহাদত হোসেন চাদু,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম,ইউপি সদস্য সংকর বিশ্বাস, সোহরাব হোসেন, দিলিপ মল্লিকসহ ইউপি সদস্যবৃন্দ ও উপকারভূগীগন উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর দেওয়া দূর্যোগ সহনীয় ঘর পাওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ঙ্গাপন করে উপকারভূগীদের মধ্যে থেকে বক্তব্য রাখেন তুফান ও কহিনুর।
আলোচনা অনুষ্ঠান শেষে ইউপি সদস্য আনারুল ইসলামের সন্চালনায় জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয় ও জননেত্রী শেখ হাসিনার দির্ঘায়ূ কামনায় দোয়া করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে যুবলীগের বৃক্ষরোপণ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে দিনব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

রবিবার দুপুরে মেহেরপুর সদর স্যানিটারি ল্যান্ডফিল ও পয়ঃবর্জ্য পরিশোধনাগারে জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজ রহমান রিটন এই কর্ম সূচি পালন করেন।

এ সময় তিনি বলেন করোনা কালীন আমরা বিভিন্ন কর্মসূচি পালন করেছি, যার ভিতরে ছিলো মাস্ক বিতরণ, জনসাধারণের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ ও বিভিন্ন ইউনিয়ন ফলজ, বনজ,ও ওষাধী গাছ বিতরণ করেছি।

অন্যদের মাঝে উপস্থিত ছিলেন পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, বাপ্পি, সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান হিলন, সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান অপু, জেলা যুবলীগের সদস্য সাজাদুর রহমান সাজু, মাহবুব ডালিম, মেজবাহউদ্দিন, শেখ সারাফত, আফজাল হোসেন।

গাংনীতে অন্যের জমিতে মসজিদ কমিটির বৃক্ষরোপণ

মেহেরপুরের গাংনী উপজেলায় জোর করে আল আমিন নামের এক ব্যক্তির জমিতে বৃক্ষরোপণ করে জমি দখলের অভিযোগ উঠেছে স্থানীয় মসজিদ কমিটির উপর। গত ২৫ সেপ্টেম্বর কৃষকলীগ নেতাদের নিয়ে বৃক্ষরোপণ

করা হয়। গাংনী উপজেলা ধানখোলা ইউনিয়নের কচুইখালি গ্রামে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী আল আমিন এ বিষয়ে বলেন, গত ২৫ সেপ্টেম্বর স্থনীয় নেতা খোকন মসজিদ কমিটির লোকজন ও কৃষকলীগ নেতাদের নিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। এ সময় মসজিদের ক্রয়কৃত ৫ কাঠা জমিতে বৃক্ষরোপণ না করে রাস্তার পাশ দিয়ে লম্বা করে বেড়া দিয়ে গাছ লাগায়। এমতাবস্থায় আমি আমার জমিতে প্রবেশ করতে পারছি না।

প্রায় ১শ বছর ধরে রাস্তার পাশের ঐ জমি আমাদের দখলে ছিল। তারপরেই আমাদের জমি নামে জমি আছে। আমার ভায়ের ছেলে-মেয়ে পিয়াস ও লিমা মসজিদের কাছে আড়াআড়ি ৫ কাঠা জমি বিক্রি করে। কিন্তু সেই জমিতে গাছ না লাগিয়ে জোর করে আমার জমির সামনের অংশেও তারা গাছ লাগিয়েছে। স্থানীয় কিছু নেতার ইন্ধন থাকায় আমরা কিছু বলতে পারছিনা।

ভুক্তভোগীর ভাতিজা জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাড. জুয়েল এ বিষয়ে বলেন, কৃষকলীগ নেতাদের দিয়ে জোর করে জমি দখল করেছে। রাস্তার পাশের জমি হওয়ায় ঐ জমি হাতিয়ে নেওয়ার জন্যই এই কাজ করেছে তারা। এর সুষ্ঠ বিচার দাব করছি।

এ বিষয়ে জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বলেন, গত ২৫ তারিখে যে স্থানে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছি সেটা মসজিদের জায়গা। ঐ জমির যথাযত কাগজ মসজিদ কমিটির কাছে আছে।

গণধর্ষণের আসামি ছাত্রলীগের সাইফুরের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা

সিলেটের এমসি কলেজ ক্যাম্পাস থেকে ছাত্রাবাসে তুলে নিয়ে স্বামীকে বেঁধে স্ত্রীকে গণধর্ষণের ঘটনায় দায়েরকৃত মামলার আসামি ছাত্রলীগ ক্যাডার এম. সাইফুর রহমানের বিরুদ্ধে অস্ত্র আইনেও আরেকটি মামলা

হয়েছে। গণধর্ষণের ঘটনার পর শুক্রবার রাত ২টার দিকে এমসি কলেজ ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে সাইফুরের রুম থেকে একটি আগ্নেয়াস্ত্রসহ প্রচুর পরিমাণে দেশীয় ও ধারালো অস্ত্র উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় শনিবার সকালে তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

করোনার কারণে কলেজ ও ছাত্রাবাস বন্ধ থাকলেও সাইফুর রহমানসহ ছাত্রলীগের কয়েকজন ক্যাডার ছাত্রাবাসে বসবাস করতো। ছাত্রাবাসে অবস্থান করে কলেজ ক্যাম্পাস, টিলাগড় ও বালুচর এলাকায় তারা নিয়মিত ছিনতাই ও অপহরণ করতো। রাতে ছাত্রাবাসে জুয়া ও মাদকের আসরও বসাতো বলে একাধিক সূত্র নিশ্চিত করেছে।

এদিকে, শুক্রবার সন্ধ্যায় দক্ষিণ সুরমার শিববাড়ির এক তরুণী স্বামীকে সাথে নিয়ে এমসি কলেজ ক্যাম্পাসে বেড়াতে আসে। এসময় ছাত্রলীগকর্মী এম. সাইফুর রহমান ও শাহ মাহবুবুর রহমান রনির নেতৃত্বে স্বামী ও স্ত্রীকে পার্শ্ববর্তী কলেজ ছাত্রাবাসে তুলে নিয়ে যায় আসামিরা। পরে সেখানে স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে ধর্ষণ করে তারা।

এসময় ছাত্রলীগকর্মীরা ওই তরুণীর স্বামীর প্রাইভেট কারও ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। খবর পেয়ে পুলিশ এসে স্বামী-স্ত্রী ও তাদের প্রাইভেট কার উদ্ধার করে। পরে ধর্ষনের শিকার তরুণীকে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের ওসিসিতে ভর্তি করা হয়।

ঘটনার পর রাতভর অভিযান চালালেও ধর্ষণ ও অস্ত্র মামলার আসামি সাইফুর ও তার সহেযাগী কাউকে আটক করতে পারেনি পুলিশ।

সূত্র- বিডি প্রতিদিন